

145952 - দোয়া ও যিকির একটির সাথে অন্যটি মিলিয়ে পড়তে কোন বাধা নেই

প্রশ্ন

আরবীতে দোয়া করা, এক দোয়াকে অপর দোয়ার সাথে মিলিয়ে পড়া, দোয়াকে তাসবীহ ও তাহমীদের মত করে পড়া কি জায়েয; যেমন: সুবহানালাহি ওয়াবি হামদিহি, আদাদা খালক্বিহি, ওয়া রিয়া নাফসিহি, ওয়া যিনাতা আরশিহি, ওয়া মিদাদা কালিমাতিহি' এরপর 'সুবহানালাহি ওয়াবি হামদিহি সুবহানালাহিল আযীম' এরপর অন্য কোন দোয়া এভাবে পড়া?

প্রিয় উত্তর

কোন মুসলিম বান্দা তার প্রভুকে এ ধরনের কথাগুলোর একটির সাথে অপরটিকে মিলিয়ে পড়তে কোন আপত্তি নেই। সেটা নিম্নোক্ত কারণে:

দোয়ার বাক্যগুলোকে মিলিয়ে যিকির করলে সেটা শরয়ি যিকিরের বহির্ভূত হবে না; যতক্ষণ পর্যন্ত এ বাক্যগুলোর মধ্যে কেবল শরয়ি কথামালা অন্তর্ভুক্ত থাকে। বরং মুস্তাহাব ও মানদুবের গণ্ডিতে থাকবে।

খুব সম্ভব আল্লাহ তাআলার বাণী: **﴿يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اذْكُرُوا اللَّهَ ذِكْرًا كَثِيرًا﴾** (ওহে যারা ঈমান এনেছ তোমরা আল্লাহকে অধিক স্মরণ কর।)[সূরা আহযাব, আয়াত: ৪১] এর মধ্যে এটি জায়েয হওয়ার দিকে ইঙ্গিত রয়েছে। যেহেতু অধিক যিকিরের দাবী হচ্ছে যিকিরকারী একাধিক বাক্য ও কথামালাকে মিলিয়ে পড়া।

আল্লাহুই সর্বজ্ঞ।